উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর সেপ্টেম্বর, ২০২৪ মাসের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ আশরাফুল হক<br>উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর<br>ও প্রশাসক<br>উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী। |
| তারিখ | ঃ | ১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ। |
| সময় | ঃ | বেলা ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য। |

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ হয় এবংগত ২৮-০৮-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতি দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকা কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় কোন তথ্য উপস্থাপন করা হয়নি। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে সভায় উপস্থিত থেকে তার দপ্তরের তথ্য উপস্থাপন করতে হবে। | উপজেলা স্বা পঃ পঃ ক নীলফামারী সদ |
| <u>০২.উপজেলা কৃষি বিভাগঃ</u> উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে রোপা আমন ধানের অর্জন-২৮১০৭ হেঃ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ রোপা আমন ধানের উপরি সার প্রয়োগসহ কৃষক পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। আগস্ট মাসের ইউরিয়া সারের বরাদ্দ ৭৪৫ মেঃ টন, টিএসপি সারের বরাদ্দ ৫২.৮৫মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ২৭৫মেঃ টন ও ডিএপি সারের বরাদ্দ ৪৫৬.৩৫মেঃ টন। ১১/০৯/২০২৪ তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৫০০.৯০মেঃ টন, টিএসপি সারের মজুদ ৩৫.৯৫মেঃ টন, এমওপি সারের মজুদ ২১৪.৩০মেঃ টন ও ডিএপি সারের মজুদ ২০২.৩৫মেঃ টন।<br>চলতি মৌসুমে বিভিন্ন ফসলের লক্ষ্যমাত্রা ও অর্জন নিম্নোক্ত তথ্য মোতাবেক উপস্থাপন করেন | ১। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>২। চলতি মৌসুমে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত ফসলের রোগ-বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>৩। ব্র্যাক সীডের ব্র্যাক-২০ ধান বীজ ক্রয় করে কৃষক ক্ষতিগ্রস্থ হওয়ার বিষয়টি উপজেলা কৃষি অফিসার, নীলফামারী সদর বীজ প্রত্যয়ন এজেন্সিকে অবহিত করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা অফিসার নীলফামারী স |

| ক্রম | ফসলের নাম | লক্ষ্যমাত্রা (হেঃ) | অর্জন (হেঃ) |
|---|---|---|---|
| ০১ | রোপা আমন ধান | ২৮১০৭ | ২৮১০৭ |
| ০২ | পেঁয়াজ | ২৬ | ২৫ |
| ০৩ | শাকসবজি | ২৫০ | ২৫০ |
| ০৪ | আদা | ৪৯০ | ৪৯০ |
| ০৫ | হলুদ | ৩৯০ | ৩৩৮ |
| ০৬ | কলা | ০৫ | ০৫ |

এ পর্যায়ে চেয়ারম্যান কচুকাটা ইউপি জানান যে, তার ইউনিয়নের অনেক কৃষক ব্র্যাক সীডের ব্র্যাক-২০ ধান বীজ ক্রয় করে প্রতারীত হয়েছেন। বীজ ক্রয়ের সময় বীজ ব্যবসায়ি জানান যে, ৯০ দিনের মধ্যে ধান সংগ্রহ করা যাবে। কিন্তু নির্ধারিত সময় পার হওয়ার পরেও ধানের শীষ বের না হওয়ায় ক্ষতিগ্রস্থ কৃষক ব্র্যাক সীডে অভিযোগ দাখিল করেন। তৎপ্রেক্ষিতে ব্র্যাক সীডের কৃষিবীদ সরেজমিন ধান ক্ষেত পরিদর্শনপূর্বক জানান যে, এই ধান বীজ তলা হতে কর্তন পর্যন্ত কমপক্ষে ১৪০-১৫০ দিন সময় লাগে। ক্ষতিগ্রস্থ কৃষকগণ তাদের ক্ষতিপূরণের দাবী উত্থাপন করলে বিঘা প্রতি ৫০০০/- টাকা হারে ক্ষতিপূরণ প্রদানের জন্য ব্র্যাক সীডের প্রতিনিধিগণ আশ্বাস প্রদান করেন মর্মে তিনি সভাকে অবহিত করেন এবং কৃষি অফিসারের মাধ্যমে বিষয়টি বীজ প্রত্যয়ন এজেন্সিকে অবহিত করার জন্য প্রস্তাব পেশ করেন।

চলমান

A

| | | |
|---|---|---|
| উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বরাদ্দ প্রাপ্ত পোনা মাছ সরকারি জলাশয়ে অবমুক্ত করা হয়েছে। | মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০৪. উপজেলা প্রানি সম্পদ বিভাগঃ উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, নীলফামারী সদর এর কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় অদ্যাবধি বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণ করা হবে।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর ইডুকেশন (UITRCE Phase-2) এর আওতায় ভবন নির্মাণের নির্বাচিত স্থানে ১১টি জীবিত মেহগনি গাছ বন বিভাগ কর্তৃক নির্ধারিত ৮২,৯৫৬.৫০(বিরাশি হাজার নয়শত ছাপান্ন টাকা ষাট পয়সা) এর সর্বোচ্চ দর প্রাপ্তি নিশ্চিতপূর্বক এ সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা ও পিপিআর,২০০৮ যথাযথভাবে অনুসরণপূর্বক নিলামে বিক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ১৬ জুলাই ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২৬.১২.৪৪৬নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। উক্ত নিলামে বিক্রয়ের জন্য তিনি পরিষদের সম্মতির জন্য প্রস্তাব পেশ করেন। | ১। বার্ষিক উন্নয়ন কর্মসূচি'র (এডিপি) আওতায় চলতি অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদ চত্বরে উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর ইডুকেশন (UITRCE Phase-2) এর আওতায় ভবন নির্মাণের নির্বাচিত স্থানে ১১টি জীবিত মেহগনি গাছ বন বিভাগ কর্তৃক নির্ধারিত ৮২,৯৫৬.৫০(বিরাশি হাজার নয়শত ছাপান্ন টাকা ষাট পয়সা) এর সর্বোচ্চ দর প্রাপ্তি নিশ্চিতপূর্বক নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে সকল প্রকার ভাতা যথা সময়ে বিতরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরের ভাতা বিতরণের জন্য লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। | লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করে নির্ধারিত সময়ে সকল প্রকার ভাতা বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার নীলফামারী সদর। |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ"কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। "কিশোর-কিশোরীক্লাব স্থাপন প্রকল্প" এর আওতায় ক্লাবসমূহ পরিদর্শন কার্যক্রম চলমান। বাল্যবিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান এবং বরাদ্দ না থাকায় মা ও শিশু সহায়তা কর্মসূচি বন্ধ রয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতাভোগী নির্বাচনের কার্যক্রম গ্রহণ করা হবে। এ পর্যায়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ভিডব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগীগণ স্ব-স্ব ব্যাংক হিসাবে ২২০/-টাকা সঞ্চয় জমাদান পূর্বক চাল উত্তোলন করবেন মর্মে নির্দেশনা রয়েছে। কিন্তু অনেক সময় উক্ত নির্দেশনা বাস্তবায়ন হচ্ছেনা। তিনি সংশ্লিষ্ট ইউপি'র ট্যাগ অফিসারগণকে উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য সভার মাধ্যমে অনুরোধ করেন। | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগীগণের সঞ্চয়ের অর্থ জমার বিষয়টি নিশ্চিত পূর্বক চাল বিতরণ করতে হবে। | ১। চেয়ারম্যান, সকল ইউপি নীলফামারী সদর<br>২। ট্যাগ অফিসার, সকল ইউপি নীলফামারী সদর। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |

চলমান

A

| | | |
|---|---|---|
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | সমবায় সমিতিতে শেয়ার বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান আছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। তিনি আরও জানান যে, বৈষম্য বিরোধী আন্দোলনের ফলে বর্তমানে শিক্ষা পরিবেশ বর্তমানে বিপর্যস্ত। শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান যে, চলমান বর্ষায় বৃষ্টির দিনে তার অফিস কক্ষের ছাদ দিয়ে পানি প্রবেশ করার ফলে অফিসের আসবাবপত্র নষ্ট হয়ে যাচ্ছে এবং অফিস করার মত পরিবেশ থাকেনা মর্মে তিনি অফিস মেরামতের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। | ১। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অফিস কক্ষ মেরামতে জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর।<br>২। উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, আসন্ন সারদীয় দুর্গাপূজায় এ উপজেলায় সম্ভাব্য ২৬৪টি স্থানে উদযাপিত হতে পারে। আইন-শৃংখলা পরিস্থিতি বজায় রাখার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরোও জানান যে, টিসিবির লাইসেন্স প্রাপ্ত ডিলারগণের মাধ্যমে পণ্য বিক্রয় করা হচ্ছে। তিনি ইউপি চেয়ারম্যানগণকে ইজিপিপি প্রকল্পের আওতায় প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন।<br>এ পর্যায়ে উপজেলা সমবায় অফিসার জানান যে, তিনিসহ আরোও অনেক কর্মকর্তা ট্যাগ অফিসারের দায়িত্ব পালন করছেন। অনেক ইউনিয়নে টিসিবি ডিলারগণ সাপ্তাহিক ছুটির দিনে পণ্য বিক্রয় করেন, এতে করে ট্যাগ অফিসারদের সমস্যা হচ্ছে মর্মে তিনি সরকারি অফিস দিবসে পণ্য বিক্রয়ের জন্য ডিলারগণকে নির্দেশনা প্রদানের জন্য সভায় সভাপতিতে অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, চওড়াবড়গাছা ইউপি জানান যে, টিসিবি ডিলার তার ইউপি হলরুমে কয়েকদিন যাবত পণ্য রাখার ফলে সভা-সেমিনার আয়োজনে সমস্যা হয় এবং টিসিবি পণ্যের নিরাপত্তার জন্য গ্রাম পুলিশকে সার্বক্ষণিক নিরাপত্তার জন্য পাহাড়ায় রাখতে হয়। পণ্য বিতরণ শেষে ইউপি কমপ্লেক্স অপরিচ্ছন্ন অবস্থায় রেখে চলে যান। তিনি ডিলারের নির্ধারিত স্থান হতে পণ্য বিক্রয়ের নির্দেশনা প্রদান জন্য সভায় সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। | ১। প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। জরুরি ভিত্তিতে ইজিপিপি'র প্রকল্প তালিকা দাখিল করতে হবে।<br>২। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন বাদে সরকারি অফিস দিনে টিসিবি পণ্য বিক্রয়ের জন্য ডিলারগণকে নির্দেশনা প্রদান করতে হবে।<br>৩। সংশ্লিষ্ট ইউপি'র টিসিবি ডিলারের নির্ধারিত স্থান হতে পণ্য বিক্রয়ের নির্দেশনা প্রদান করতে হবে। | ১। চেয়ারম্যান, সকল ইউপি, নীলফামারী সদর।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| ১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) খাদ্যগুদামে বর্তমান মজুদঃ<br>চাল - ৬৩৭০.০০০ মেঃ টন, ধান- ০.০০ মেঃ টন, গম- ৪৪৯.০০০ মেঃ টন<br>(২) সংগ্রহ কার্যক্রম ঃ বোরো চাল/ধান সংগ্রহ ২০২৪ সমাপ্ত হয়েছে।<br>(৩) বিলি/বিতরণ ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ওএমএস, খাদ্যবান্ধব ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে। | ১। সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় চাল বিতরণের দিন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান অবহিত করতে ডিলারগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | |

| | | |
|---|---|---|
| ) বাজারদর ঃ<br>ধান - ৩১/- থেকে ৩২/- প্রতি কেজি দর<br>চাল - ৪৪/- থেকে ৪৫/- " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৪/- থেকে ৫৬/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৮/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- " " "<br>(৫) ওএমএস কার্যক্রম ঃ নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রয় কার্যক্রম জুলাই ২০২৪ হতে শুরু হয়েছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) ভিডব্লিউবি কার্যক্রমঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে বরাদ্দ পাওয়া গেছে। প্রিমিক্স কার্নেল প্রাপ্তি সাপেক্ষে ডিও ইস্যু পূর্বক চাল বিলি বিতরণ করা হবে। সেপ্টেম্বর ২৪ মাসে জুলাই/২৪ ও আগষ্ট/২৪ দুই মাসের এবং অক্টোবর/২৪ মাসে সেপ্টেম্বর/২৪ ও অক্টোবর/২৪ দুই মাসের চাল একত্রে বিলি বিতরণ করা হবে।<br>(৭) চাল/ধান সংগ্রহ/২০২৩-২০২৪ ঃ<br>বোরো ধান ও চাল সংগ্রহ/২০২৪ কার্যক্রম গত ০৭/০৫/২০২৪খ্রিঃ তারিখ হতে শুরু হয়েছে যা গত ৩১/০৮/২০২৪খ্রিঃ তারিখ সমাপ্ত হয়েছে। নীলফামারী সদর উপজেলায় বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ১২৩৪২.০০০ মেঃ টন বোরো সিদ্ধ চাল (অতিরিক্ত বরাদ্দসহ), ২০৫৫.০০০ মেঃ টন বোরো ধান ও ৭৩৮.৯৬০ মেঃ টন আতপ চাল সংগ্রহ করা হয়েছে। বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে নীলফামারী সদর উপজেলায় কৃষকের অ্যাপে ও নিবন্ধিত কৃষকের নিকট হতে ধান ক্রয় করা হয়েছে।<br>(৮) টিসিবি ঃ টিসিবি খাতে আগষ্ট ২০২৪ মাসে সারাদেশে ১ কোটি ভোক্তাকে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয়ের নিমিত্ত বরাদ্দ পাওয়া গেছে। অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন ও নীলফামারী পৌরসভায় ১৮৫.৬৭০ মেঃ টন চালের ডিও ইস্যু পূর্বক চাল বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>(৯) খাদ্যবান্ধব কর্মসূচীঃ নীলফামারী সদর উপজেলায় ৩০৭১৩ জন হতদরিদ্র খাদ্য বান্ধব ভোক্তা রয়েছে। নীতিমালা অনুযায়ী সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর/২০২৪ মাসে উক্ত খাতে চাল বিক্রয় করা হবে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ১৫/- (পনেরো) টাকা। সরকারি নির্দেশনা মোতাবেক চলতি সেপ্টেম্বর/২৪ মাসে পুষ্টি চাল বিলি বিতরণ করা হবে। | ৩। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় চাল বিতরণের দিন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান অবহিত করতে ডিলারগণকে নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা নিয়ন্ত্রক নীলফামারী সদর। |
| ১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের আগস্ট-২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। আউশ ফসলের মুল্য ও উৎপাদন খরচ তথ্য জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। ভূমির ব্যবহার ও সেচ পরিসংখ্যান জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। মৎস্য উৎপাদন জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। গবাদি পশু ও হাস-মুরগী প্রাক্কলন জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৬। এস.ভি.আর.এস প্রকল্পের আওতায় জনতাত্তিক বিভিন্ন ধরনের সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর কার্যক্রম চলমান রয়েছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২০. বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ কার্যপত্র পাওযা যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| ২১. আইসিটি বিভাগঃ সহকারী প্রোগ্রামার জানান যে, হার পাওয়ার প্রকল্পের আওতায় ৬টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি আরোও জানান যে, এ উপজেলার অনেক সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল অদ্যাবধি হালনাগাদ করা হয়নি। তিনি সংশ্লিষ্ট সকলকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল/ চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর |
| ২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ): নীলফামারী সদর ইউনিট অফিস, বিএডিসি নীলফামারী এর কার্যক্রম চলমান রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |

চলমান

A

| | | |
|---|---|---|
| [illegible]. নির্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে বিনামূলে বিতরণকৃত পাট বীজ হতে উৎপাদিত পাটের ফলন আশানুরুপ হয়েছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। পাট চাষে কৃষকগণকে উৎসাহিত করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, বরাদ্দ না থাকায় উঠান বৈঠক কার্যক্রম বন্ধ রয়েছে কিন্তু অন্যান্য সেবা প্রদান অব্যাহত আছে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উঠান বৈঠক আয়োজন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গত অর্থ বছরের অনুমোদিত সকল প্রকল্প শতভাগ বাস্তবায়ন হয়েছে। চলতি অর্থ বছরে অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করা হবে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালার আলোকে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ ইউডিএফ নীলফামারী সদর, নীলফামারী। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, ২৮ আগস্ট ২০২৪ হতে ১১ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত সময়ের নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১২/২০২৪-২৫ | ২৫/০৮/২০২৪ | বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত ধোবাডাঙ্গা উচ্চবিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী রুবেল ইসলামের পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান। | ৩০০০০.০০ |
| ১৩/২০২৪-২৫ | ০৩/০৯/২০২৪ | নীলফামারী সদর উপজেলাধীন চড়াইখোলা ইউনিয়নে ৩টি, টুপামারী ইউনিয়নে ১টি পরিবার অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান। | ১০০০০.০০ |

**সিদ্ধান্তঃ** বর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রাক্কলন অনুমোদনের সিদ্ধান্ত গ্রহীত হয় এবং কারিগরি প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে সীমানা প্রাচীরে কাটা তার সংযুক্তকরণ, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ, সিইও পরিদর্শন বাংলো এবং গার্ডরুম মেরামতের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বর্ণিত প্রকল্পগু উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন। সে লক্ষ্যে নিম্নোক্তভাবে প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। প্রকল্পসমূহঃ

| ক্রম | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | নীলফামারী সদর উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল এবং সিইও পরিদর্শন বাংলো মেরামত করণ | ৫৩,৯৯,১৮৯.০ |
| ০২ | নীলফামারী সদর উপজেলা পরিষদের অভ্যন্তরে সীমানা প্রাচীরে কাটা তার সংযুক্ত করণ, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, আবাসিক এলাকায় গার্ড রুম এবং উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের ৪০১ ও ৪০২ রুমের মেরামত এবং পুরাতন প্রশাসনিক ভবন মেরামত ও সংস্কার করণ | ৫৩,১৩,১৯১.০ |

**সিদ্ধান্তঃ** বর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি বিবিধ ০৪। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ আবাসিক এলাকায় সিসিটিভি স্থাপন প্রসঙ্গে।**

সভায় আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় উপজেলা নির্বাহী অফিসারসহ আরোও অনেক কর্ম বসবাস করেন। আবাসিক এলাকায় বিভিন্ন সময়ে চুরি ঘটনা ঘটছে। কিন্তু সিসিটিভি না থাকায় অপরাধীকে চিহ্নিত করা সম্ভব হয়না। কাজেই তিনি চলতি বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদ আবাসিক এলাকার জন্য সিসিটিভি স্থাপনের প্রস্তাব পেশ করেন। সভায় এ বি বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** চলতি ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নীতিমালা অনুসরণপূর্বক উপজেলা পরিষদের আবাসিক এল সিসিটিভি স্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/০৯/২৪
(মোঃ আশরাফুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১.৩২(৪৫) তারিখঃ ৩১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৬। উপজেলা.......................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

০৭। চেয়ারম্যান,....................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

১৫/০৯/২৪
(মোঃ আশরাফুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।